

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
পরিকল্পনা-৩ শাখা  
www.mopme.gov.bd

স্মারক নং-৩৮.০০.০০০০.০১৪.১৪.০০৬.২০.২৭

তারিখ:

০২ ভাদ্র ১৪২৭  
১৭ আগস্ট ২০২০

বিষয়: 'গণিত অলিম্পিয়াড কৌশলে গণিত শিখন: আনন্দে গণিত শিখি-প্রথম পাঠ' অনলাইন কোর্সে অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গণিত শিক্ষক ও মাঠ পর্যায়ের প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, পিটিআই ইন্সট্রাক্টর এবং উপজেলা/থানা রিসোর্স সেন্টারের ইন্সট্রাক্টর ও সহকারী ইন্সট্রাক্টরগণের জন্য 'গণিত অলিম্পিয়াড কৌশলে গণিত শিখন: আনন্দে গণিত শিখি-প্রথম পাঠ' অনলাইন প্রশিক্ষণ কোর্সটি এটুআই এর মুক্তপাঠ ([www.muktopaath.gov.bd/course-details/272](http://www.muktopaath.gov.bd/course-details/272)) প্ল্যাটফর্মে চলমান রয়েছে।

২। এই অনলাইন প্রশিক্ষণ কোর্সটি সম্পন্ন করার জন্য প্রাথমিকভাবে প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে ২ জন করে গণিত বিষয় পাঠদানকারী শিক্ষক নির্বাচন করবেন। নির্বাচিত শিক্ষকগণ আবশ্যিকভাবে এটুআই এর মুক্তপাঠ প্ল্যাটফর্মে রেজিস্ট্রেশন করে প্রশিক্ষণ কোর্সটি সম্পন্ন করবেন। উপজেলা শিক্ষা অফিসার নির্বাচিত ২ জন শিক্ষকের অনলাইন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করবেন। পাশাপাশি আগ্রহী উপজেলা শিক্ষা অফিসারগণ, ইউআরসি ইন্সট্রাক্টরগণ, সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ, সহকারী ইউআরসি ইন্সট্রাক্টরগণ কোর্সটি সম্পন্ন করবেন।

৩। এ কোর্সটি সম্পন্ন করা হলে শিক্ষক ও মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ গণিত অলিম্পিয়াডের কৌশল প্রয়োগের মাধ্যমে ভয়-ভীতিহীনভাবে শ্রেণিকক্ষে পাঠদান ও আনন্দে গণিত শিখন-শেখানো কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা লাভে সমর্থ হবেন। ফলে শিক্ষার্থীদের কাঙ্ক্ষিত গাণিতিক দক্ষতা অর্জনের মাধ্যমে মানসম্মত প্রাথমিক শিক্ষার উন্নয়নে অগ্রগতি সাধিত হবে যা এসডিজি অর্জনের সহায়ক ভূমিকা রাখবে।

৪। বর্ষিতাবস্থায়, প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে ২ জন গণিত শিক্ষককে 'গণিত অলিম্পিয়াড কৌশলে গণিত শিখন: আনন্দে গণিত শিখি-প্রথম পাঠ' অনলাইন কোর্সটি মুক্তপাঠ ([www.muktopaath.gov.bd/course-details/272](http://www.muktopaath.gov.bd/course-details/272)) প্ল্যাটফর্মের মাধ্যমে আগামী ১ মাসের মধ্যে সম্পন্ন করার বিষয়টি নিশ্চিত করে এবং কোর্স সম্পন্নকারী শিক্ষক ও কর্মকর্তার আলিকা মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ নূরুন্নবী  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ০২-৯৫৭৭২৫৬

বিতরণ :

- ১) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ২) সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।
- ৩) উপজেলা শিক্ষা অফিসার (সকল)।
- ৪) ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার (সকল)।

স্মারক নং-৩৮.০০.০০০০.০১৪.১৪.০০৬.২০.২৭/১(৮)

তারিখ:

০২ ভাদ্র ১৪২৭  
১৭ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়
- ২) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মহাপরিচালক,
- ৩) মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)
- ৪) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৬) জনাব মুহাম্মদ সোহেল হাসান, টিম লিডার, গণিত অলিম্পিয়াড সাব-কম্পোনেন্ট, পিইডিপি৪।
- ৭) বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সকল বিভাগ। (মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট প্রাথমিক শিক্ষকগণের অনলাইন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের বিষয়টি ফলোআপের অনুরোধসহ)
- ৮) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

মোঃ নূরুন্নবী  
সিনিয়র সহকারী সচিব